

ঢাকা ওয়াসা

ক্রমিক নং-০১। সাঃপাঃশোঃ (রক্ষনাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্মপরিকল্পনার কপি।
 ক্রমিক নং-০২। লে-আউট।
 ক্রমিক নং-০৩। আলোচ্য কাজের ক্যালকুলেশন ও প্রাক্কলন।

বিষয়ঃ Re-construction RCC Copping Over Existing Boundary Wall in front of Officers Quarter-1 at SWTP Phase-1.

১.০। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ একটি কেপিআই ভুক্ত প্রতিষ্ঠান। সায়েদাবাদ পানি শোধনাগার হতে প্রতিদিন প্রায় ২২.৫ কোটি লিটার পানি পরিশোধন করে ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষনাবেক্ষণ) বিভাগ “র”ওয়াটার পরিবহন, “ট্রিটেড”ওয়াটার ট্রান্সমিশন ও প্ল্যান্টের অবকাঠামোসমূহ মেরামত ও রক্ষনাবেক্ষণ কাজে নিয়োজিত। সরেজমিনে পরিদর্শনান্তে দেখা যায়, সায়েদাবাদ ফেজ-১ এর দক্ষিণ-পূর্ব পার্শ্বের সীমানা প্রাচীরে Copping নাই। Copping না থাকার কারণে সামান্য বৃষ্টি হলে বৃষ্টির পানি সরাসরি ওয়ালে পড়ে। এতে দ্রুত শ্যাওলা পড়ে ওয়ালের রং নষ্ট হয় এবং সীমানা প্রাচীরের সৌন্দর্য হ্রাস পায়। আলোচ্য কাজটি সম্পন্ন করা হলে, সীমানা প্রাচীরের সৌন্দর্য বৃদ্ধি পাবে।

১.১। ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত ক্রয় কাজটি সীমিত দরপত্র পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১৪৪ এবং প্যাকেজ নং- W-90 তে অন্তর্ভুক্ত রয়েছে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PW-2b অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রয়কারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষনাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

১.২। আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষ্যে পিডব্লিউডি-২০২২ এর সংশোধিত রেট সিডিউল এবং বাজার দর অনুযায়ী “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট ৪,৯৮,৭০৪.৫৫৭ (চার লক্ষ আটানব্বই হাজার সাতশত চার দশমিক পাঁচ পাঁচ সাত টাকা মাত্র) টাকা। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষনাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ইং অর্থ বছরের বাজেটের Boundary Wall Maintenance (কোড ০১-০৪-০০৫) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে Re-construction RCC Copping Over Existing Boundary Wall in front of Officers Quarter-1 at SWTP Phase-1 শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

- ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের অনুমোদন।
- খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪,৯৮,৭০৪.৫৫৭ (চার লক্ষ আটানব্বই হাজার সাতশত চার দশমিক পাঁচ পাঁচ সাত টাকা মাত্র) টাকার অনুমোদন।
- গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেটের Boundary Wall Maintenance খাত (কোড ০১-০৪-০০৫) হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


 ৩১.০৪.২৫

ফজিলা খাতুন
 উপ-সহকারী প্রকৌশলী
 সাঃ পাঃ শোঃ (রক্ষনাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।



 ৩০/০৪/২৫


মোঃ শফিউল আলম
 সহকারী প্রকৌশলী
 সাঃ পাঃ শোঃ (রক্ষনাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।


 ৩১-০৪-২৫

রাজীব আহমেদ
 নির্বাহী প্রকৌশলী
 সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষনাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।


 SE (SWTPC)


 ০১/০৭/২৫
 মির্জা নোশাম কিবরিয়া
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী
 পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।


 ০১/০৭/২৫
 প্রকৌশলী মোঃ আব্দুস সালাম
 প্রধান প্রকৌশলী
 ঢাকা ওয়াসা।